অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/17/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল শীতকালকে সামনে রেখে একটি শক্তি পরিকল্পনা করার জন্য নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করলেন

নিউ ইয়র্ক স্টেট কর্মসূচিসমূহ নিউ ইয়র্কবাসীকে শক্তির ব্যবহার ব্যবস্থাপনা করা, শক্তির বিল হ্রাস করা, এবং বৈদ্যুতিকরণ সমাধান সম্পর্কে জানতে সাহায্য করবে

পর্যাপ্ত সংরক্ষণ এবং গ্রাহক যোগাযোগ নিশ্চিত করার ব্যাপারে ইউটিলিটি ও জ্বালানি প্রদানকারীদের মনে করিয়ে দেওয়া হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে শীতকালকে সামনে রেখে নিজেকে বাসা ও ব্যবসার স্থানকে উষ্ণ রাখার জন্য নিউ ইয়র্কবাসীকে এখনই পরিকল্পনা করার ব্যাপারে উৎসাহিত করেছেন। একাধিক নিউ ইয়র্ক স্টেট এজেন্সি এবং কর্তৃপক্ষ এমন কর্মসূচি প্রদান করে যা শক্তি ব্যবহার ব্যবস্থাপনা, বিদ্যুৎ ও হিটিং বিল হ্রাস, এবং ওয়াদারাইজেশনের মাধ্যমে ঠাণ্ডা আবহাওয়ায় আরাম বৃদ্ধি ও এই ভবনসমূহকে আরো শক্তি দক্ষ করার ক্ষেত্রে বাসিন্দাদের সাহায্য করবে। গভর্নর হোকল চেহারাও স্টেটের ইউটিলিটি এবং জ্বালানি প্রদানকারীদেরকে পর্যাপ্ত সংরক্ষণ রাখা এবং গ্রাহকদের সর্বোচ্চ শীতকালীন চাহিদা পূরণ করার জন্য তাদের সাথে যোগাযোগ করার কথা মনে করিয়ে দিয়েছেন।

"আবহাওয়া ঠাণ্ডা হয়ে আসছে, তাই শক্তি ব্যবহার ব্যবস্থাপনা, শক্তি দক্ষতা সর্বোচ্চ করা, এবং চরম আবহাওয়ার ক্ষেত্রে উপলভ্য সংস্থান সম্পর্কে বুঝার ব্যাপারে বাসিন্দা ও ব্যবসাসমূহকে সহায়তা করতে নিউ ইয়র্ক স্টেট প্রস্তুত আছে, " **গভর্নর হোকল বলেন।** "ভোক্তারা যখন নিজেদের পরিকল্পনা তৈরি করছে, তখন ইউটিলিটি ও জ্বালানি সরবরাহকারীদেরও উচিত গ্রাহকদের চাহিদা কীভাবে পূরণ করা হবে সে সম্পর্কে এখনই কৌশল স্থির করা এবং অপ্রত্যাশিত সেবার বিঘ্ন হ্রাস করতে এবং জরুরি অবস্থার সাড়াদান করার জন্য যোগাযোগ উন্নত করা।"

নিউ ইয়র্কবাসীরা নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA), জনসেবা বিভাগ (Department of Public Service, DPS), অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA), স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Service, DHSES) মাধ্যমে প্রদত্ত, পরিবারসমূহকে,

বিশেষ করে নিম্ন ও ম্যাম আয়ের পরিবারকে বছরের সর্বোচ্চ শক্তি ব্যবহারের এই সময়ে উষ্ণ রাখতে সহায়তা প্রদানকারী কর্মসূচিসমূহের সদ্ব্যবহার করতে পারবে।

নিউ ইয়র্ক স্টেট কর্মসূচিসমূহ তহবিল ও কারিগরি সহায়তা প্রদান করে যা বাড়ির মালিক, ভাড়াটিয়া, এবং ব্যবসাসমূহকে তাদের শক্তি চাহিদা ব্যবস্থাপনা করতে সহায়তা করতে পারে।এর মধ্যে রয়েছে:

- **HEAP-র জন্য আবেদন করা।** 1 নভেম্বর পর্যন্ত, বাসা শক্তি সহায়তা কর্মসূচির (Home Energy Assistance Program, HEAP) জন্য আবেদন গৃহীত হচ্ছে যা উপার্জন, গৃহস্থালির আকার এবং তারা কীভাবে তাদের বাসাকে উষ্ণ রাখে তার উপর ভিত্তি করে করে (যেমন, মাসিক মোট 5,838 মার্কিন ডলার উপার্জনসহ চার সদস্যের পরিবার আবেদন করতে পারবে) যোগ্য বাড়ির মালিক এবং ভাড়াটিয়াকে 976 মার্কিন ডলার পর্যন্ত প্রদান করতে পারবে। আরো তথ্যের জন্য NYS HEAP **ভিজিট করুন।**
- **শক্তি ক্রয়ক্ষমতা কর্মসূচি/নিম্ন আয়ের বিল ছাড় কর্মসূচি।** কর্মসূচিটি উপার্জন অনুযায়ী যোগ্য ভোক্তাদের তাদের মাসিক বিদ্যুৎ এবং/অথবা গ্যাস বিলে একটি ছাড় প্রদান করে, এবং সেই সাথে অন্যান্য সুযোগ সুবিধা প্রদান করে যা নির্দিষ্ট ইউটিলিটির কর্মসূচির বৈশিষ্ট্যের উপর নির্ভর করবে। একটি সরকারি সহায়তা কর্মসূচি থেকে ভাতা পাওয়া নিউ ইয়র্কবাসীরা স্বয়ংক্রিয়ভাবে এতে নাম লেখাতে পারবে। আরো তথ্যের জন্য, তাদের উচিত তাদের ইউটিলিটির ওয়েবসাইট ভিজিট করা বা DPS শীতকালীন প্রস্তুতিতে (DPS Winter Preparedness) লিংকসমূহ পাওয়া যাবে।
- **সম্প্রদায়ভিত্তিক সেবা কর্মসূচি।** সেবা সংগঠন এবং স্থানীয় সম্প্রদায়ের এজেন্সিসমূহ আর্থিক সহায়তা, কাউন্সেলিং সেবা এবং ইউটিলিটি জরুরি অবস্থার সহায়তা প্রদান করে। নিউ ইয়র্কবাসীরা আরো জানার জন্য আমেরিকান রেড ক্রস (American Red Cross) (800-733-2767), স্যালভেশন আর্মি (Salvation Army) (800-728-7825), এবং ইউনাইটেড ওয়ে (United Way) (2-1-1 বা 888-774-7633) এর মতো সংগঠনগুলির সাথে যোগাযোগ করতে পারবে।
- **আরো শক্তি দক্ষ হওয়ার জন্য অবিলম্বে পদক্ষেপ নেওয়া।** NYSERDA বাসিন্দা, বাড়ির মালিক, এবং সেই সাথে ব্যবসাসমূহের জন্য শক্তি সাশ্রয়ের পরামর্শ প্রদান করে যা শক্তি ব্যবহার হ্রাস করতে পারবে। এছাড়াও NYSERDA বাসার শক্তি সহায়তা কর্মসূচি প্রদান করে যা শক্তি সাশ্রয় করতে এবং সময়ের সাথে ব্যয় হ্রাস করতে সাহায্য করে। আয় যোগ্য গ্রাহকরা এম্পাওয়ার+ (EmPower+) কর্মসূচির মাধ্যমে হ্রাসকৃত মূল্য বা বিনামূল্যে তাদের বাসার শক্তি উন্নয়নের জন্য যোগ্য হতে পারে। বাড়ির মালিকদের এছাড়াও ছাড়যুক্ত পণ্য ও সেবার জন্য তাদের স্থানীয় গ্যাস ও বিদ্যুৎ ইউটিলিটি কোম্পানির সাথে যোগাযোগ করা উচিত
যা তাদের সারা বছরের শক্তি ব্যয় কমাতে সাহায্য করতে পারে।
- **স্টেটে শক্তি সম্পর্কিত সহায়তার একটি কাস্টোমাইজ করা তালিকা গ্রহণ করা।** নিউ ইয়র্ক শক্তি উপদেষ্টা (New York Energy Advisor) আয় যোগ্য নিউ ইয়র্কবাসীকে এমন কর্মসূচি সনাক্ত করতে সাহায্য করে যা তাদেরকে শক্তির জন্য কম ব্যয় করতে এবং আরো স্বাস্থ্যকর ও আরো আরামদায়ক স্থান তৈরি করতে সাহায্য করে। নিউ ইয়র্ক শক্তি উপদেষ্টার কাছ থেকে ভোক্তারা সহজ প্রশ্নের উত্তর পাবে এবং নিউ ইয়র্ক স্টেটের

শক্তি সাশ্রয়ী অফারের সাথে সংযুক্ত হতে পারবে। NYSERDA ও ইউটিলিটিগুলির স্পন্সর পেয়ে নিউ ইয়র্কবাসীরা ইউটিলিটি বিল পরিশোধে সহায়তা পেতে পারে, হিটিং সহায়তার ক্ষেত্রে বিশেষ অফার এবং আরো অনেক কিছু পেতে পারে।

- **বাসার হিটিং নিরাপত্তাকে অগ্রাধিকার প্রদান।** সম্পত্তির মালিকদের প্রাকৃতিক গ্যাস কূপের সাথে মানুষ বাস করছে এমন ভবনকে সংযুক্ত করা এড়িয়ে চলা উচিত কারণ এটি বিপজ্জনক হতে পারে এবং প্রাণঘাতী হওয়ারও সম্ভাবনা আছে। এছাড়াও পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) তাপের জন্য তেল ব্যবহার করা সম্পত্তির মালিকদের হিটিং মৌসুমের জন্য জ্বালানি তেলের শিপমেন্ট গ্রহণ করার পূর্বে সম্ভাব্য লিক এবং স্পিলের জন্য জ্বালানি সংরক্ষণ ট্যাংক পরীক্ষা করতে উৎসাহিত করছে। অতিরিক্ত তথ্য এখানে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "নিউ ইয়র্কবাসীরা তাদের বাসায় আরামে থাকতে চায় এবং তাদের ব্যবসা খোলা রাখতে চায়, তাই শীতকালীন মৌসুমকে সামনে রেখে তা করার জন্য তাদের সক্ষমতাকে নিরাপদ রাখতে ব্যবস্থা গ্রহণ করার এটিই সময়। তাদের শক্তি ব্যবহার বুঝতে এবং শক্তি দক্ষ ব্যবস্থা গ্রহণ করার জন্য এবং সেই সাথে শক্তি সাশ্রয় করতে পারে এবং নিজের পকেটের খরচ হ্রাস করতে পারে এমন বিভিন্ন সেবা ও পণ্যের খোঁজ নেওয়ার জন্য আমরা সকল নিউ ইয়র্কবাসীকে উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট রড্রিগেজ বলেন, "আমরা শীতকালের অপেক্ষাকৃত ঠাণ্ডা মাসগুলিতে প্রবেশ করতে যাচ্ছি, তাই প্রস্তুত থাকার জন্য এবং বাসা ও ব্যবসাকে উষ্ণ রাখা ও একই সাথে তাদের বিদ্যুৎ ও শক্তি বিলকে ন্যায্য রাখার জন্য তাদের শক্তির ব্যবহারের পরিকল্পনা শুরু করতে আমরা নিউ ইয়র্কবাসীকে আহ্বান জানাচ্ছি। এছাড়াও নিউ ইয়র্ক স্টেট যে ভোক্তাদের শক্তি দক্ষ ব্যবস্থা গ্রহণ করতে সাহায্য করার জন্য বিভিন্ন সেবা ও পণ্য প্রদান করে এবং স্টেটের বাসিন্দাদের নিজ পকেট থেকে ব্যয় করা অর্থ হ্রাস করতে সহায়তা নেওয়ার কথা ভোক্তাদের মনে করিয়ে দেওয়ার জন্য এটি একটি ভালো সময়।"

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "আসন্ন মাসগুলির শীতকালীন আবহাওয়ার প্রস্তুতির জন্য, গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে উষ্ণ ও নিরাপদ থাকতে সাহায্য করার সংস্থান ও তথ্য প্রদান করছেন। সম্ভাব্য পড়ে যাওয়া বা অন্যান্য সমস্যা প্রতিরোধ করার জন্য তাদের বাড়ির হিটিং ব্যবস্থা নিরাপদ আছে কিনা তা নিশ্চিত করার মাধ্যমে শীতকালীন প্রস্তুতি গ্রহণ করতে, এবং আমাদের ওয়ালেট ও পরিবেশ উভয়ের সংরক্ষণে সাহায্য করতে পারে এবং পরিচ্ছন্নতর শক্তি উৎস ও শক্তি দক্ষ সমাধান খোঁজার ব্যাপারে DEC সম্পত্তির মালিকদের উৎসাহিত করছে।"

নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেন, "জমে যাওয়ার মতো ঠাণ্ডা তাপমাত্রা মারাত্মক পরিণতির কারণ হতে পারে যার জন্য শীতকালীন মাসসমূহের জন্য নিজেদের গৃহস্থালিকে প্রস্তুত করা নিউ ইয়র্কবাসীদের জন্য অতি গুরুত্বপূর্ণ। এই শীতকালে নিজেদের বাসা গরম করার সময় তাদের বাসাকে আরো শক্তি দক্ষ করার উপায় সন্ধান করার কথা নিউ ইয়র্কবাসীদের সর্বদা মনে রাখা উচিত, এবং সেই সাথে

নিশ্চিত করা উচিত যে যদি বিকল্প তাপের উৎস ব্যবহার করা হয়ে তাহলে তা যাতে একটি ভালোভাবে ভেন্টিলেটেড স্থানে নিরাপদে ব্যবহার করা হয়।"

নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি. গুইন বলেন, "রাতের তাপমাত্রা এখন জমে যাওয়ার কম পর্যায়ে নেমে যাচ্ছে, তাই নিম্ন ও মধ্যম আয়ের গৃহস্থালিগুলির জন্য HEAP সহায়তা পাওয়ার আবেদন এখনই করা গুরুত্বপূর্ণ, যাতে তারা পুরো শীতকালে তাদের বাসাকে উষ্ণ রাখতে পারে। শক্তি ব্যয় হ্রাস করতে সাহায্য করার জন্য উপলভ্য অন্যান্য কর্মসূচির সুযোগ গ্রহণ করার এটি একটি ভালো সময়, যার মধ্যে রয়েছে হিটিং সরঞ্জাম সঠিকভাবে কাজ করছে কিনা তা নিশ্চিত করার জন্য শক্তি দক্ষ ব্যবস্থা গ্রহণ, শক্তি ও অর্থ সাশ্রয়ে সাহায্য করা।"

নিউ ইয়র্ক স্টেট জনসেবা কমিশনের (New York State Public Service Commission, PSC) প্রধান রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "এই শীতকালে গ্রাহকদের প্রত্যাশিত চাহিদা পূরণ করার জন্য বিদ্যুৎ ও প্রাকৃতিক গ্যাসের পর্যাপ্ত উৎস ও সরবরাহ নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটে সেবাদানকারী ইউটিলিটিগুলিকে আমরা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে যাচ্ছি। গভর্নর হোকলের অধীনে নিউ ইয়র্ক স্টেট আমাদের শক্তি ব্যবস্থার নির্ভরযোগ্যতা নিশ্চিত করার জন্য এবং শক্তি দক্ষতা ও বিল হ্রাস কর্মসূচির মাধ্যমে ভোক্তাদের সুরক্ষা প্রদান করার ব্যাপারে গভীর মনোযোগ দিচ্ছে।"

নিউ ইয়র্ক স্টেটের ইউটিলিটিসমূহ, যার মধ্যে কন এডিসন (Con Edison), সেন্ট্রাল হাডসন, অরেঞ্জ এবং রকল্যান্ড, জাতীয় গ্রিড (National Grid), নিউ ইয়র্ক স্টেট ইলেকট্রিক এবং গ্যাস (New York State Electric & Gas, NYSEG), রচেস্টার গ্যাস ও ইলেকট্রিক (Rochester Gas and Electric, RG&E), জাতীয় জ্বালানি গ্যাস (National Fuel Gas), এবং পাবলিক সার্ভিস এন্টারপ্রাইজ গ্রুপ-লং আইল্যান্ড (Public Service Enterprise Group - Long Island, PSEG-LI) রয়েছে, এবং বাসা হিটিংয়ের জ্বালানি প্রদানকারীদেরকেও পর্যাপ্ত জ্বালানি সংরক্ষণ, আকস্মিক ঘটনার জন্য পরিকল্পনা, এবং সহায়ক কর্মসূচি পাওয়া, বিঘ্নিত সেবা এড়ানো এবং উষ্ণ থাকতে গ্রাহকদের সাহায্য করার কথা মনে করিয়ে দেওয়া হয়েছে। কর্মকাণ্ডের মধ্যে রয়েছে:

- দ্বৈত জ্বালানি ব্যবহারকারী এবং বাধাপ্রাপ্ত বাণিজ্যিক গ্রাহকদের তাদের বিকল্প জ্বালানির ট্যাংক ভরে রাখতে এবং জ্বালানির শিপমেন্ট পাওয়ার পূর্বে জ্বালানি সংরক্ষণ ট্যাঙ্কে সম্ভাব্য লিক বা স্পিলের জন্য রক্ষণাবেক্ষণ ও পরীক্ষা করার কথা মনে করিয়ে দেওয়া।
- বিকল্প জ্বালানি সরবরাহে সমাধানকারী জরুরি পরিকল্পনা পর্যালোচনা করা, এবং তাপমাত্রা 20 ডিগ্রির কম হলে জনস্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষিত রাখতে স্থানীয় ও স্টেট সরকারের এজেন্সিসমূহের সাথে কাজ করার প্রস্তুত গ্রহণ করা।
- উষ্ণকরণ কেন্দ্র, গরম আহার, এবং তাপহীন ভবনে পাইপ জমে গেলে মাস্টার প্লাম্বারদের একটি তালিকা কোথায় পাওয়া যাবে সে সম্পর্কে গ্রাহকদের অবগত করা।
- শীতকালীন হিটিং মৌসুমের পূর্বেই ট্যাংক ভরে রাখার ব্যাপারে দ্বৈত জ্বালানির অপারেটরদের উৎসাহিত করার জন্য এবং জ্বালানির শিপমেন্ট পাওয়ার পূর্বে জ্বালানি সংরক্ষণ ট্যাঙ্কে সম্ভাব্য লিক বা স্পিলের জন্য রক্ষণাবেক্ষণ ও পরীক্ষা করার জন্য নিউ

ইয়র্ক স্বাধীন ব্যবস্থা পরিচালকের (New York Independent System Operator) সাথে এবং মুখ্য বিদ্যুৎ উৎপাদনকারীর সমন্বয় করা।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 145টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 55 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টির বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন